

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংগলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০২.০০.০২৮.২০১০- ৬৭২

তারিখঃ ২০.০৬.২০১১


বিষয়ঃ সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(২) ধারা অনুযায়ী ২য় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মোয়াজ্জেম হোসেন (৪১৬০১), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লৌহজং, মুন্সিগঞ্জ-কে ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ এর ৩ (বি) ধারায় বর্ণিত ছুটি ব্যক্তিত্ব কর্ম হতে অনুপস্থিতির অপরাধে অভিযুক্ত করে মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৪৫.১৫০.০২৭.০২.০০.০২৮.২০১০-৮৭৩ তারিখঃ ১৫.০৯.২০১০ মূলে বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারায় ১ম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় ; এবং

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশটি ২৯.০৩.২০১১ তারিখে 'দৈনিক ইন্ডেক্স' ও ০১.০৪.২০১১ তারিখে 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় প্রকাশিত হয় ; এবং

যেহেতু, আপনি উক্ত নোটিশের কোন জবাব দাখিল করেননি এবং প্রাপ্ত কাগজপত্র ও নথি পর্যালোচনাত্তে আপনাকে উল্লেখিত অধ্যাদেশের ৩ (বি) ধারার অপরাধে দোষী সাব্যস্ত করা হয়েছে ;

একলে সেহেতু, আপনাকে ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, এর ৪ (এ) ধারা মোতাবেক সরকারি চাকরি হতে কেন বরখাস্ত করা হবে না-এ নোটিশ জারির/প্রকাশের ০৩(তিন) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।


(এ. কে. এম. আমির হোসেন)
অতিরিক্ত সচিব

ডাঃ মোয়াজ্জেম হোসেন (৪১৬০১)

মেডিকেল অফিসার

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স

লৌহজং, মুন্সিগঞ্জ


(স্থায়ী ঠিকানা- পিতা- মোঃ ইসমাইল হোসেন ভূঞা, ৪২৮ দক্ষিণ মনিপুর, মিরপুর-১২১৬)

নং- ৪৫.১৫০.০২৭.০২.০০.০২৮.২০১০- ৬৭২/০৪

তারিখঃ ২০.০৬.২০১১

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। সিভিল সার্জন, মুন্সিগঞ্জ (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৪। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)


(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২

sasdisc1@mohfw.gov.bd